এনডিপি বার্তা

সংখ্যা ২৬ । বর্ষ ১২ । অক্টোবর - ডিসেম্বর, ২০২০

সূ চি প ত্র

- ইউনিসেফ টিম এর প্রকল্প পরিদর্শন ১
- সৌহার্দ্য- III কর্মসূচি'র ৪ সদস্যের জয়িতা পুরস্কার,
- ধর্ষকের শাস্তির দাবিতে মানববন্ধন,
- ২,০০০ পরিবারকে বীমার ৫৪ লক্ষ টাকা প্রদান ২
- বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের চক্ষু ক্যাম্প,
- ইইএস প্রকল্পের অটো ভ্যান ও মিল্ক ক্যান প্রদান,
- 'এসইপি প্রকল্পের' অবহিতকরণ সভা ৩
- জরুরী খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ,
- কৈশোর কর্মসূচির স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্প,
- অক্টোবর-ডিসেম্বর ২০২০ সময়ে যেসব প্রকল্প শুরু ও শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ ৪
- আলোকিত গ্রাম কর্মসূচি'র স্বাস্থ্যসেবা প্রদান,
- এক কাপ দুধ খেলে এক কাপ চা ফ্রি,
- কৃষি কর্মকর্তার প্রকল্প পরিদর্শন ৫
- করোনা মোকাবেলায় ডিজিটাল সংবাদ,
- জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের যুব সমাবেশ,
- এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৬
- জয়িতা সানজিদাকে অভিনন্দন,
- জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির সফলতা,
- খামারীদের গরু মোটাতাজাকরণ প্রশিক্ষণ ৭
- বিশ্ব খাদ্য কর্মসূচি'র এনডিপি'র কার্যক্রম পরিদর্শন ৮

সম্পাদনা পরিষদ

সম্পাদক ঃ

মোঃ আলাউদ্দিন খান

নির্বাহী পরিচালক

প্রণয়নে ঃ

মোল্লা আব্দুল্লাহ আল মেহদী

ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

মোঃ জানাফার ইসলাম

সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

প্রকাশনায় ঃ

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

ইউনিসেফ টিম এর প্রকল্প পরিদর্শন

নাজিবুল্লাহ হামিম, চিফ অফ ফিল্ড (রাজশাহী ও রংপুর) এর নেতৃত্বে টিম ইউনিসেফ

"Provision of WASH, Child Protection and Nutrition support to the flood affected people amidst the COVID pandemic in Sirajganj District during 2020" প্রকল্পটি ইউনিসেফ এর অর্থায়নে সিরাজগঞ্জ জেলায় বাস্তবায়িত হচ্ছে। জেলার ৫টি উপজেলা সিরাজগঞ্জ সদর, কাজিপুর, শাহ্জাদপুর, বেলকুচি ও চৌহালীতে বন্যায় ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠীকে কম্পোনেন্ট ভেদে প্রকল্প থেকে সুবিধা প্রদান করা হবে।

প্রকল্পটি বাস্তবায়নের শুরুতে সেপ্টেম্বর ২০২০ জেলা পর্যায়ে ১টি এবং উপজেলা পর্যায়ে ৫টি অবহিতকরণ সভা করা হয়। বন্যায় ক্ষতিগ্রস্থ সাধারণ মানুষের WASH, Child protection and Nutrition সুবিধা নিশ্চিত করতে প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। দাতা সংস্থার নির্দেশনা অনুযায়ী সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সাথে সমন্বয় করে উপকারভোগী নির্বাচন করে প্রকল্পের আওতাভুক্ত করা হয়।

এর-ই ধারাবাহিকতায় ২৩ নভেম্বর ২০২০ ইউনিসেফ এর চিফ অফ ফিল্ড (রংপুর ও রাজশাহী) বিভাগীয় প্রধান নাজিবুল্লাহ হামিম এর নেতৃত্বে প্রকল্প পরিদর্শন করেন টিম ইউনিসেফ। টিমকে স্বাগত জানান কাজিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের রেসিডেন্সিয়াল মেডিকেল কর্মকর্তা (আরএমও)। প্রথমে টিমের সদস্যবৃন্দ কাজিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি থাকা স্যাম বাচ্চাদের চিকিৎসার খোজ-খবর নেন।

অতঃপর উপজেলার তেকানি ইউনিয়নের কয়েকটি গ্রামে বাস্তবায়িত WASH, Nutrition and child Protection কম্পোনেন্টের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। কার্যক্রমের অগ্রগতি পরিদর্শনকালে উপকারভোগীদের সাথে প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে মতবিনিময় করেন। ইউনিসেফ এর কর্মকর্তাগণ পরিদর্শন শেষে প্রকল্পের অগ্রগতি নিয়ে সন্তোষ প্রকাশ করেন।

ইউনিসেফ টিমে আরো উপস্থিত ছিলেন ওয়াশ স্পেশালিষ্ট মোস্তফা নিয়াজ, চাইল্ড প্রটেকশন অফিসার জেসমিন বি. হোসাইন, নিউট্রিশন অফিসার এস.কে শহিদুল হাসান, প্রোগ্রাম অফিসার বেগম জেরিনা রেশমা ও ওয়াশ অফিসার রুহুল আমিন। এছাড়াও এনডিপির পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, ব্যবস্থাপক (প্রশিক্ষণ) নুরুন নাহার চৌধুরী উপস্থিত ছিলেন।

এনডিপি বার্তা
সংখ্যা ২৬। বর্ষ ১২। অক্টোবর - ডিসেম্বর, ২০২০

সৌহার্দ্য- III কর্মসূচি'র ৪ সদস্যের জয়িতা পুরস্কার অর্জন

জয়িতা এ্যাওয়ার্ড প্রদান অনুষ্ঠানের অংশ বিশেষ

''কমলা রঙের বিশ্বে নারী, বাধার পথ দিবে পাড়ি'' এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে **''জয়িতা অন্বেষনে বাংলাদেশ''** এর আয়োজন করা হয়। নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস ২০২০ উপলক্ষে এ্যাওয়ার্ড প্রদানের উদ্যোগ গ্রহণ করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। এর-ই ধারাবাহিকতায় ০৯ ডিসেম্বর ২০২০ জেলা ও উপজেলা পর্যায়ে মানববন্ধন, আলোচনা সভা ও জয়িতা এ্যাওয়ার্ড প্রদান করা হয়।

জেলা পর্যায়ে ৫টি ক্যাটাগরিতে ৫ নারীকে এবং উপজেলা পর্যায়ে জয়িতা এ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে বেলকুচি, শাহজাদপুর ও চৌহালী উপজেলায় ৫জন করে মোট ১৫ জন নারীকে জয়িতা এ্যাওয়ার্ড প্রদান করা হয়। এর মধ্যে এনডিপি বাস্তবায়িত সৌহার্দ্য-III কর্মসূচির ১৮+ নারী (পূর্বের একতা) দলের ৪ নারী ৩ টি ক্যাটাগরিতে জয়িতা এ্যাওয়ার্ড অর্জন করেন।

''নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোমে জীবন শুরু করেছেন যে নারী'' ক্যাটাগরিতে এ্যাওয়ার্ড অর্জন করেন বেলকুচি উপজেলার রাজাপুর ইউনিয়নের হরিনাথপুর গ্রামের **মোছাঃ শাহানা বেগম** ও চৌহালী উপজেলার খাষপুকুরিয়া ইউনিয়নের উত্তর খাষপুকুরিয়া গ্রামের **মোছাঃ রোজিনা বেগম**। **''অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী''** ক্যাটাগরিতে চৌহালী উপজেলার খাষকাউলিয়া ইউনিয়নের কুরকি গ্রামের **মোছাঃ ময়না বেগম** এবং খাষকাউলিয়া ইউনিয়নের মধ্যজোতপাড়া গ্রামের **মোছাঃ সালমা বেগম ''সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী''** ক্যাটাগরিতে উপজেলা পর্যায়ে জয়িতা এ্যাওয়ার্ড লাভ করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনিসুর রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেলকুচি উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ ইউসুফ আলী শেখ, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ রত্না খাতুন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ ইলিয়াস হাসান শেখ, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ রেজাউল করিম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কাশ্মীর সুলতানা, ৩ নং ভাঙ্গাবাড়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গাজী মোঃ নুরুল ইসলাম ভাসানী।

ধর্ষকের শাস্তির দাবিতে মানববন্ধন

মানবাধিকার বিষয়ক সিএসও কোয়ালিশনের আয়োজনে দেশব্যপী সংগঠিত ধর্ষণ ও নারী নির্যাতনকারীদের দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়। ১০ অক্টোবর ২০২০ সিরাজগঞ্জ শহরের চৌরাস্তা মোড়ে অনুষ্ঠিত মানববন্ধনে বিভিন্ন উন্নয়ন সংস্থার পাশাপাশি অংশ নেয় বিভিন্ন শ্রেণি পেষার মানুষ ও সাধারণ জনগণ। উক্ত মানববন্ধনে সিএসও কোয়ালিশনের সহ-সভাপতি ও দৈনিক করতোয়ার সিনিয়র রিপোর্টার হেলাল আহমেদ এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন সংরক্ষিত মহিলা আসনের সাবেক সংসদ সদস্য সেলিনা রহমান স্বপ্না।

এছাড়াও সিরাজগঞ্জ সদর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান হাসনা হেনা, এনডিপি এর উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, এমডিও এর নির্বাহী পরিচালক মাসউদ আহমেদ রোকনী, পিডাব্লিউডি এর নির্বাহী পরিচালক হোসনে আরা জলি, ক্লিন সিরাজগঞ্জ গ্রীন সিরাজগঞ্জ এর প্রতিষ্ঠাতা আশিক আহমেদ, দুরন্ত এর প্রতিষ্ঠাতা ড. কে. এস. মুরাদ, রেসকিউ এর মাসুদ পারভেজ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আসাদ উদ্দিন পবলু, এসইউএস এর নির্বাহী পরিচালক মো: আ: বাতেন ভুইয়া, এমডিপি এর নির্বাহী পরিচালক মো: আসলাম শেখ উপস্থিত ছিলেন। মানববন্ধন পরিচালনা করেন কেপিইউএস এর নির্বাহী পরিচালক মোঃ আশরাফুল আলম।

মানববন্ধনে বক্তব্য দিচ্ছেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান

২,০০০ পরিবারকে জলবায়ু ঝুঁকি বীমার ৫৪ লক্ষ টাকা প্রদান

প্রকল্পের আওতাভুক্ত উপকারভোগী

বিশ্ব খাদ্য কর্মসূচির আর্থিক ও অক্সফাম বাংলাদেশ এর কারিগরি সহযোগিতায় Building Resilience to Achieve Zero Hunger (BRAZH) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। কুড়িগ্রাম জেলার সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়ন ও চিলমারী উপজেলার রাণীগঞ্জ ইউনিয়নে বাস্তবায়িত BRAZH প্রকল্পের Climate Risk Insurance (CRI) এর আওতাধীন বন্যায় ক্ষতিগ্রস্থ ২০০০ সদস্যের প্রত্যেককে ২৭০০ টাকা করে প্রদান করা হয়। মোট ৫৪,০০,০০০ (চুয়ান্ন লক্ষ) টাকা জলবায়ু ঝুঁকি বীমা বাবদ তাদের নিজস্ব বিকাশ নম্বরের মাধ্যমে পরিশোধ করা হয়।

এছাড়াও ২,০০০ জন অতিদরিদ্র সদস্যের বাড়িতে ২৪০ টাকা মূল্যের ১-২টি ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন করা হয়। জলবায়ু বীমার ধারণাটি কুড়িগ্রাম জেলায় একেবারে নতুন ও অভিনব একটি প্রকল্প। প্রতিটি পরিবার জলবায়ু ঝুঁকি বীমা ২,৭৫০ টাকা পেয়ে উজ্জীবিত। ভবিষ্যতে উপকারভোগীরা জলবায়ু ঝুঁকি নিরসনে বিশ্ব খাদ্য কর্মসূচি, অক্সফাম বাংলাদেশ ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর সাথে কাজ করতে আগ্রহ প্রকাশ করেছেন।

এনডিপি বার্তা
সংখ্যা ২৬। বর্ষ ১২। অক্টোবর - ডিসেম্বর, ২০২০

বিশেষ চাহিদা সম্পন্নদের নিয়ে চক্ষু ক্যাম্প

বক্তব্য দিচ্ছেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান

প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচি এবং আলোকিত গ্রাম কর্মসূচির আয়োজনে প্রতিবন্ধী ব্যক্তিদের চক্ষু সেবা প্রদানের লক্ষ্যে বিশেষ ক্যাম্পের আয়োজন করা হয়। প্রফেসর এম.এ. মতিন মেমোরিয়াল বিএনএসবি বেজ আই হসপিটাল সিরাজগঞ্জ এর সহযোগিতায় ৩১ ডিসেম্বর ২০২০ এনডিপি'র প্রধান কার্যালয়ে বিশেষ চক্ষু ক্যাম্পটি অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইন এর শুভ উদ্বোধন করেন এনডিপি'র নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খান।

ক্যাম্পটির মাধ্যমে দরিদ্র দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তিদের ঔষধ বিতরণ ও চশমা প্রদানের পাশাপাশি চোখের ছানি অপারেশনের ব্যবস্থা করা হয়। এতে সহযোগিতা করেন সাইট সেভার্স এবং অর্থায়ন করেন ইউকেএইড।

এছাড়াও অনুষ্ঠানে এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, দ্যা রাইট টু হেলথ ব্রেকিং ডাউন বেরিয়ার্স টু আই হেলথ ইন সাউথ এশিয়া প্রকল্পের আই.ও. মাহমুদুল হাসানসহ সাইট সেভার্স এর আরো অনেকে উপস্থিত ছিলেন। চিকিৎসা সেবা প্রদান করেন মোহাম্মদ আলী (অফথ্যালমিক প্যারামেডিকস) মজিবর রহমান (অপটোমেট্রিস্ট) আরিফুল বারী (এমএলওপি), ও সাব্বির হায়দার (এমএলওপি)। অস্থায়ী বিশেষ চক্ষু ক্যাম্পে ৯৫ জন বিভিন্ন ধরনের দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তি ও শিশুদেরকে সেবা প্রদান করা হয়।

ইইএস প্রকল্পের অটো ভ্যান ও মিল্ক ক্যান প্রদান

Heifer International Bangladesh এর আর্থিক ও কারিগরি সহায়তায় সিরাজগঞ্জ জেলায় জীবনযাত্রার মান উন্নয়নে Economic Enhancement through Strengening Beef and Goat Manket System (EES) প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। সিরাজগঞ্জ জেলার দুইটি উপজেলায় প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

রায়গঞ্জ ও উল্লাপাড়া উপজেলায় প্রকল্প কর্তৃক নিয়মিত কার্যক্রমের পাশাপাশি করোনা মোকাবেলাতেও বিভিন্ন ধরণের কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় Agriculture and Livestock Value-Chain প্রকল্প নামে ইইএস প্রকল্পের আওতার ৪টি অটো ভ্যান ও ৯টি মিল্ক ক্যান প্রদান করা হয়। ৪টি সমবায় সমিতির প্রতিটিতে ১টি করে অটো ভ্যান ও ৩টি সমিতির প্রতিটিতে ৩টি করে মিল্ক ক্যান বিতরণ হয়।

রায়গঞ্জ উপজেলা পরিষদ হলরুমে বিতরণ অনুষ্ঠনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মোঃ রাজিবুল আলম। তিনি বলেন, সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মসূচির সহযোগী হিসাবে এনডিপি শুরু থেকেই বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে। শেষে তিনি প্রকল্পের সফলতা কামনা করেন এবং সহযোগিতার আশ্বাস দেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান নিষ্কৃতি দাস এবং মোঃ রেজাউল করিম বাচ্চু। অন্যান্য অতিথির মধ্যে প্রকল্প সমন্বয়কারি আবু আনেশ ইউসুফসহ এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচি'র এরিয়া ম্যানেজার মোঃ মিজানুর রহমান, ৪টি সমবায় সমিতির নেতৃবৃন্দ এবং এনডিপি ইইএস প্রকল্পের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সমিতিকে উপহার তুলে দিচ্ছেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী অফিসার মোঃ রাজিবুল আলম

'এসইপি প্রকল্পের' অবহিতকরণ সভা

বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আনোয়ার পারভেজ

এনডিপি এর আয়োজনে **"সিরাজগঞ্জ জেলার তাঁত উদ্যোগে পরিবেশগত সমস্যাসমূহ বিবেচনায় রেখে গুণগত মানসম্পন্ন ঐতিহ্যবাহী বাঙ্গালী পোষাকের উৎপাদন বৃদ্ধি"** শীর্ষক প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। ০২ ডিসেম্বর ২০২০ এনডিপি'র প্রধান কার্যালয়ের হলরুমে সভাটি অনুষ্ঠিত হয়। বিশ্ব ব্যাংক ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে সিরাজগঞ্জ জেলার সরাজগঞ্জ সদর, বেলকুচি ও কামারখন্দ উপজেলায় প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। পরিবেশ বান্ধব তাঁতপন্য ও উৎপাদনের সাথে সংশ্লিষ্ট উদ্যোগসমূহের টেকসই উন্নয়ন করাই প্রকল্পের লক্ষ্য।

সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আনোয়ার পারভেজ। তিনি এ ধরণের কর্মসূচি গ্রহনের জন্য এনডিপিকে ধন্যবাদ জানান এবং প্রকল্পের উত্তরোত্তর সফলতা কামনা করেন। একইসাথে প্রশাসনিক সকল সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। সভায় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেলকুচি উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আনিসুর রহমান, কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মেরিনা সুলতানা, সিরাজগঞ্জ সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ জাহিদুল ইসলাম, বেলকুচি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ এ.কে.এম মোফাখখারুল ইসলাম ও কামারখন্দ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ ফারুক হোসেন। এছাড়াও সিরাজগঞ্জ সদর ও বেলকুচি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা তাঁতবোর্ড লিয়াজো কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণ, প্রিন্ট মিডিয়া ও সংবাদপত্রের প্রতিনিধিবৃন্দ, বিভিন্ন বেসরকারী উন্নয়ন সংস্থার প্রতিনিধিবৃন্দ, তাঁত উদ্যোগক্তাগণ ও এনডিপি এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এনডিপি বার্তা
সংখ্যা ২৬। বর্ষ ১২। অক্টোবর - ডিসেম্বর, ২০২০

EDUCO অর্থায়নে জরুরী খাদ্য ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ

Child Fund Korea and EDUCO এর অর্থায়নে জরুরী ভিত্তিতে বন্যায় আক্রান্তদের সহায়তা প্রদান করা হয়। দাতা সংস্থার নির্দেশনা অনুযায়ী উপকারভোগী নির্বাচন ও বিতরণ সম্পন্ন করে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার সয়দাবাদ, কালিয়া হরিপুর, সোনগাছা ও খোকশাবাড়ি এবং কাজিপুর উপজেলার মাইজবাড়ি, খাস রাজবাড়ি ও শুভগাছা ইউনিয়নে বন্যায় আক্রান্ত দুস্থ মানুষের মাঝে এই সহয়তা প্রদান করা হয়।

খোকশাবাড়ি ইউনিয়নে বিতরণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার পারভেজ। ''তিনি এনডিপি'র সকল মানবিক কার্যক্রমকে উল্লেখ করে সংস্থার নির্বাহী পরিচালককে ধন্যবাদ জানান একই সাথে সরকারের পক্ষ থেকে সকল ধরনের সহযোগিতার আশ্বাস ব্যাক্ত করেন।''

সহায়তা হিসেবে প্রত্যেক পরিবারকে সিদ্ধ চাল ১৫ কেজি, ডাল ২ কেজি, আলু ৩ কেজি, ভোজ্য তেল ১ লিটার, লবন ১ কেজি, চিনি ১ কেজি, সুগন্ধি সাবান ২টি, ডিটারজেন্ট পাউডার ১ কেজি, স্যানেটারি ন্যাপকিন ২ প্যাক, সার্জিকাল মাস্ক ১০টি, পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট ২০টি এবং সচেতনতার বৃদ্ধির জন্য ১টি লিফলেট বিতরণ করা হয়।

১৯ ও ২০ অক্টোবর ২০২০ উল্লেখিত ইউনিয়নের ২,০০০ পরিবারের মাঝে এ সহায়তা প্রদান করা হয়েছে। এসময় EDUCO এর প্রোগ্রাম অফিসার তাহমিনা আক্তার ও ম্যানেজার (দূর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা) কাজী আব্দুল কাদের উপস্থিত ছিলেন। এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান এর নেতৃত্বে বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়। এছাড়াও এনডিপি'র সহকারী ব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ ও সহকারী ব্যবস্থাপক (এমএন্ডই) শাফি-উল কাফি সুমন বিতরণ কার্যক্রমে সম্পৃক্ত ছিলেন।

সহায়তা তুলে দিচ্ছেন সিরাজগঞ্জ সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদ রহমত উল্লাহ

কৈশোর কর্মসূচি'র স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্প

বক্তব্য দিচ্ছেন এনডিপি'র সহকারী পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে **'মেধা ও মননে সুন্দর আগামী'** এই প্রতিপাদ্যকে সামনে রেখে কৈশোর কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। ২৮ ডিসেম্বর ২০২০ কর্মসূচি কর্তৃক স্বাস্থ্য ও পুষ্টি ক্যাম্পের আয়োজন করা হয়। অনুষ্ঠান আয়োজকের দায়িত্ব পালন করেন সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলায় ঝাঐল ইউনিয়নের বাগবাড়ী স্বর্ণালী কিশোরী ক্লাবের সদস্যবৃন্দ।

অনুষ্ঠানে ক্লাবের সদস্যরা কৈশোর স্বাস্থ্য ও পুষ্টির প্রয়োজনীতা গান, আবৃতি ও নাটিকার মাধ্যমে সকলের মাঝে উপস্থাপন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কর্মসূচির ফোকাল পারসন ও সংস্থার সহকারি পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান। এছাড়া অত্র ওয়ার্ডের ইউপি সদস্য, এনডিপির ডেপুটি ম্যানেজার (অডিট) মোমিন খান, সিনিয়র প্রোগ্রাম অফিসার মোঃ ফজল করিম, সহকারী ম্যানেজার (আরএন্ডডি) মোঃ জানাফার ইসলামসহ অভিভাবক মন্ডলী এবং এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মান্নান সেখ।

উল্লেখ্য পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহযোগিতায় সিরাজগঞ্জের জেলার সিরাজগঞ্জ সদর, কামারখন্দ, বেলকুচি এবং রায়গঞ্জ উপজেলায় ২০১৯ সালের জুলাই মাস হতে "কৈশোর কর্মসূচি" বাস্তবায়ন করে আসছে। বর্তমানে কর্মসূচির ৫৩টি কৈশোর ক্লাব ও ৪০টি স্কুল ফোরাম রয়েছে।

অক্টোবর-ডিসেম্বর ২০২০ সময়ে যেসব প্রকল্প শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

ক্রঃ	প্রকল্পের নাম	দাতা সংস্থার নাম	কর্ম এলাকা	সময়কাল	উদ্দেশ্য
০১	Provision of WASH, Child Protection and Nutrition Supports to the flood affected people amidst the Covid pandemic in Sirajganj-2020	UNICEF	সিরাজগঞ্জ সদর, বেলকুচি, চৌহালী, শাহজাদপুর ও কাজিপুর উপজেলা, সিরাজগঞ্জ	১৬ সেপ্টেম্বর ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২০	নিউট্রিশান, স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি ও শিশু সুরক্ষা নিশ্চিত করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।
০২	Covid-19 Human Rights Response Project-2020	UNDP	সিরাজগঞ্জ সদর, বেলকুচি, রায়গঞ্জ ও তাড়াশ উপজেলা।	২২ সেপ্টেম্বর ২০২০ থেকে ৩০ অক্টেবর ২০২০	কোভিড-১৯ এ ক্ষতিগস্থ পরিবারকে খাবার সামগ্রী ও আর্থিক সহায়তা প্রদান।
০৩	Emergency Flood Response to the Flood Affected preople in Bangladesh	EDUCO	সিরাজগঞ্জ সদর ও কাজিপুর উপজেলা।	১৩ সেপ্টেম্বর ২০২০ থেকে ১২ নভেম্বর ২০২০	মৌসমি বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারকে খাবার ও হাইজিন কিট প্রদানের মাধ্যমে সহযোগিতা করা।
০৪	Monsoon Flood response to the flood affected people at Bhuapur upazila of Tangail district project	Start Fund Bangladesh	ভূয়াপুর, টাঙ্গাইল।	১০ আগস্ট ২০২০ থেকে ২৪ সেপ্টেম্বর ২০২০	মৌসুমি বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারকে নগদ অর্থ ও হাইজিন কিট প্রদানের মাধ্যমে সহযোগিতা করা।
০৫	Anticipatory Humanitarian Response for 2020 Monsoon Floods in Bangladesh	World Food Program (WFP)	সিরাজগঞ্জ, বগুড়া ও জামালপুর জেলা।	১ জুলাই ২০২০ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২০	করোনাভাইরাসের বিষয় বিবেচনা করে মৌসুমি বন্যায় ক্ষতিগ্রস্থ দরিদ্র পরিবারকে সহায়তার লক্ষ্যে বিকাশ এর মাধ্যমে নগদ অর্থ প্রদান করা।
০৬	Increasing Income of the Entrepreneurs through Dairy Cluster Development and extension-VCD under PACE	PKSF and NDP Own fund	সিরাজগঞ্জ সদর ও কামারখন্দ উপজেলা।	১ জুলাই ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০২০	দুগ্ধ ব্যবস্থাপনা এবং অনুশীলনের উপর উন্নত প্রযুক্তির ব্যবহার তথা উৎপাদন বৃদ্ধির মাধ্যমে আয়বৃদ্ধিকরণ।

অক্টোবর-ডিসেম্বর ২০২০ সময়ে যেসব প্রকল্প শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

ক্রঃ	প্রকল্পের নাম	দাতা সংস্থার নাম	কর্ম এলাকা	সময়কাল	উদ্দেশ্য
০১	Extended Community Climate Change Project-Flood (ECCCP-Flood)	Green Climate Fund (GCF)	চিলমারি ও চর রাজিবপুর উপজেলা, কুড়িগ্রাম ।	০১ নভেম্বর ২০২০ থেকে ৩০ এপ্রিল ২০২৪	বন্যাপ্রবণ জনগোষ্ঠীর বন্যা মোকাবেলায় সক্ষমতা বৃদ্ধি করা।

এনডিপি বার্তা
সংখ্যা ২৬। বর্ষ ১২। অক্টোবর - ডিসেম্বর, ২০২০

আলোকিত গ্রাম কর্মসূচি'র স্বাস্থ্যসেবা প্রদান

এনডিপি এর নিজস্ব অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচির উদ্যোগে প্রকল্প এলাকার ৪ জনকে স্বাস্থ্যসেবা বাবদ নগদ অর্থ প্রদান করা হয়। দরিদ্র পরিবারের এসকল সদস্যদের চিকিৎসার জন্য প্রত্যেককে ২,০০০ টাকা করে মোট ৮,০০০ টাকা প্রদান করা হয়। ২৪ ডিসেম্বর ২০২০ কর্মসূচির পক্ষ থেকে অর্থ সহায়তা প্রদান করেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। এসময় কর্মসূচির ফোকাল পারসন ও সিনিয়র ম্যানেজার (অডিট) কে.এম. জাহাঙ্গীর আলম উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত পূর্বেও এনডিপি'র নিজস্ব স্বাস্থ্য সহকারী দ্বারা তাদের বিভিন্ন ধরণের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এ প্রসঙ্গে প্রকল্পের ফোকাল পারসন জানান- আমরা প্রকল্পটি বাস্তবায়ন করে আসছি ২০১৭ থেকে এবং বাগবাড়ী, বালুকুল ও লাহিড়ীবাড়ী গ্রামকে আলোকিত করাই আমাদের একমাত্র লক্ষ্য। তিনি আরো বলেন, শুধু স্বাস্থ্য সেবা নিশ্চিত করাই নয় বরং প্রকল্পের মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে, যেমন- যুবকদের বিভিন্ন প্রশিক্ষণ প্রদান, সেলাই মেশিন প্রশিক্ষণ ও পরবর্তীতে সেলাই মেশিন প্রদান, স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান, দারিদ্র্য পরিবারের আয় বৃদ্ধির ব্যবস্থা করাসহ ইত্যাদি কাযক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

নগদ অর্থ হিসেবে চেক তুলে দিচ্ছেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল

ডেইরি ভ্যালু চেইন প্রকল্পের "এক কাপ দুধ খেলে এক কাপ চা ফ্রি"

ক্যাম্পেইন এর শুভ উদ্বোধন করেন পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর বাস্তবায়নে ডেইরী ভ্যালু চেইন প্রকল্পটি সিরাজগঞ্জ জেলায় পরিচালিত হচ্ছে। ০১ জুলাই ২০১৭ থেকে "ডেইরী ক্লাস্টার উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি করণ" শীর্ষক ভ্যালুচেইন প্রকল্পটি বাস্তবায়ন হয়ে আসছে।

এর-ই ধারাবাহিকতায় সিরাজগঞ্জ জেলার ৬টি উপজেলার ১২টি চা স্টলে **"এক কাপ দুধ খেলে এক কাপ চা ফ্রি"** ক্যাম্পেইন এর আয়োজন করা হয়। ক্যাম্পেইন এর আওতায় ৫০ হাজার গ্লাস দুধ খাওয়ানোর মাধ্যমে মানুষকে দুধ পানে অভ্যস্ত করে তোলার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

সিরাজগঞ্জ সদর উপজেলার শিয়ালকোল ইউনিয়নের আমতলা বাজারে আব্দুল মালেকের চা স্টলে কর্মসূচীর শুভ উদ্বোধন করেন এনডিপির ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ। এসময় তিনি বলেন, 'দুধ একটি আদর্শ খাদ্য। প্রতিদিন এক গ্লাস দুধ পান করলে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়বে, দুধে বিদ্যমান উপাদান ল্যাকটোজ মানুষের ব্রেইনের উন্নতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, এজন্য ল্যাকটোজকে ব্রেইনের খাবার বলা হয়। এছাড়াও নিয়মিত এক গ্লাস করে দুধ পান করলে স্মৃতিশক্তি বৃদ্ধি পায় ও রাতের ঘুম ভালো হয়। কাজেই সব বয়সের মানুষ বিশেষ করে শিশুদের নিয়মিত দুধ পান করা উচিত।' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঋণ সহায়তা কর্মসূচির জোনাল ম্যানেজার, এরিয়া ম্যানেজার এবং প্রকল্পের ভ্যালুচেইন ফ্যাসিলিটেটরসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উল্লেখ্য স্কুলের ছাত্র-ছাত্রীদের দুধ পানে অভ্যস্ত করে তোলার জন্য ১০টি মাদ্রাসায় ১০ হাজার ছাত্র-ছাত্রীকে সপ্তাহে ২দিন করে দুধ খাওয়ানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

কৃষি কর্মকর্তার প্রকল্প পরিদর্শন

পল্লী কর্ম-সহায়ক ও কারিগরি ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরে সহায়তায় কৃষির উন্নয়নে ও দরিদ্র শ্রেণির কৃষকদের আর্থিক উন্নয়নে এনডিপি কর্তৃক কৃষি ইউনিট কাজ করছে। সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর ও কামারখন্দ উপজেলায় কৃষি ইউনিট নতুন নতুন কৃষি প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধ করতে সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির ৪টি শাখার মাধ্যমে কার্যক্রমটি বাস্তবায়নাধীন রয়েছে।

এর-ই ধারাবাহিকতায় ২৫ নভেম্বর ২০২০ সিরাজগঞ্জ সদর উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ রোস্তম আলি এনডিপি কৃষি ইউনিটের ফলের বাগান পরিদর্শন করেন। তিনি প্রকল্পের কার্যক্রম দেখে সন্তুষ্টি প্রকাশ করেন। ফলের বাগান প্রদর্শনী হিসেবে বারি মাল্টা-১ উপস্থাপন করা হয়। এর পাশাপাশি সদস্যের জমির আইলে বরবটি, মিষ্টি কুমড়া এবং জাংলা লাউ চাষের চিত্র দেখে তিনি এনডিপিকে ধন্যবাদ জানান। মাল্টা বাগানের মধ্যে মরিচ, ফুলকপি, ধনিয়া এবং পেঁয়াজসহ বিভিন্ন ফসল চাষ করা হচ্ছে। এরকম বহুমুখী পদক্ষেপ গ্রহণের জন্য কৃষি কর্মকর্তা তার অধিদপ্তর থেকে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এসময় এনডিপি এর ঋণ সহায়তা কর্মসূচির জোনাল ম্যানেজার মোঃ আমিনুল ইসলাম, ও প্রকল্পের সমন্বয়কারী মুহাম্মদ আবদুল হালিম উপস্থিত ছিলেন।

সদর উপজেলার কৃষি কর্মকর্তা রোস্তম আলি ও এনডিপি'র কর্মকর্তাবৃন্দ

এনডিপি বার্তা
সংখ্যা ২৬। বর্ষ ১২। অক্টোবর - ডিসেম্বর, ২০২০

করোনা মোকাবেলায় ডিজিটাল সংবাদ

মোবাইলের মাধ্যমে স্বাস্থ্য ও পুষ্টিবার্তা পৌছে দেয়া হচ্ছে

করোনা ভাইরাস এর প্রাদূর্ভাব মোকাবেলায় বিভিন্ন পন্থা অবলম্বন করে উপকারভোগীদের স্বাস্থ্য সেবা পৌছে দেয়া বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)'র কারিগরি সহায়তায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলা এবং রংপুর জেলার গংগাচড়া উপজেলার দরিদ্র মা ও শিশুদের খাদ্য, পুষ্টি ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করাই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য। দরিদ্র গর্ভবতী মায়েদের প্রকল্প হতে প্রতি মাসে ৮০০ টাকা করে প্রদান করা হচ্ছে যা ৩ বছর বা ৩৬ মাস পর্যন্ত প্রদান করা হবে। এখন পর্যন্ত প্রায় ১১,০০০ উপকারভোগীর মাঝে টাকা বিতরনের পাশাপাশি খাদ্য, পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ক আচরণ পরিবর্তনের লক্ষ্যে নিয়মিত ফলোআপ প্রদান করা হচ্ছে।

হচ্ছে। সরকারী বিধি নিষেধ থাকায় মাঠ পর্যায়ে প্রকল্পের কার্যক্রম সরাসরি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এ জন্য ঘরে থেকেই মোবাইল ফোনের মাধ্যমে বিভিন্ন তথ্য প্রদানের পাশাপাশি ভাইরাস সম্পর্কে সচেতন করা হচ্ছে। শুধুমাত্র জরুরী ক্ষেত্রে ইউনিয়ন পর্যায়ে কর্মরত নারী উন্নয়ন কর্মীগণ সুরক্ষা সামগ্রী ব্যবহার করে নিরাপদ দূরত্ব বজায় রেখে মাঠ পর্যায়ে সেবা প্রদান করছে।

প্রকল্পের মাধ্যমে গর্ভকালীন সময়ে মায়ের স্বাস্থ্য, পুষ্টি ও শিশুর বিকাশ, পাঁচ ধরনের খাবার ও তার পরিমান, মা ও শিশুর যত্ন, শাল দুধ নিশ্চিতকরণ ও খাওয়ানোর কৌশল, ভিটামিন এ

জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের যুব সমাবেশ

জেন্ডার ভিত্তিক সহিংসতা প্রতিরোধ ও মোকাবেলা প্রকল্পের আয়োজনে যুব সমাবেশ-২০২০ অনুষ্ঠিত হয়েছে। ৫ নভেম্বর ২০২০ সিরাজগঞ্জ সদর উপজেলার কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে সমাবেশ অনুষ্ঠিত হয়।

কালিয়া হরিপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান্ন মোঃ আব্দুস সবুর সেখ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার পারভেজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলা ভাইস চেয়ারম্যান এস.এম. নাসিম রেজা নূর দিপু ও মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ হাসনা হেনা। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন এনডিপি এর পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল।

উক্ত সমাবেশে নারী ও কন্যা শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে যুবদল এলাকায় কিভাবে ভূমিকা রাখছে তার স্বচিত্র উপস্থাপন, তাদের নিজেদের স্বরচিত কবিতা পাঠ ও জারীগানের মাধ্যমে তুলে ধরেন। সমাবেশে উপস্থিত অতিথিবৃন্দ তাদের বক্তব্যে যুবদলকে নারীর প্রতি যেকোন নির্যাতনের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার আহবান জানান। পাশাপাশি সংশ্লিষ্ট সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে আরো জোরালোভাবে যোগাযোগ স্থাপনের মাধ্যমে জেন্ডার সহিংসতা প্রতিরোধে যুবদের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার আহবান জানান।

বক্তব্য দিচ্ছেন সিরাজগঞ্জ সদর উপজেলা ভাইস চেয়ারম্যান এস.এম. নাসিম রেজা নূর দিপু

এছাড়াও প্রকল্প সমন্বয়কারী মোছাঃ আকতারী বেগমসহ ইউপি সদস্যবৃন্দ, উপজেলা ও ইউনিয়ন সোশ্যাল সাপোর্ট কমিটির সদস্যবৃন্দ, নারী, পুরুষ ও যুবদলের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগি সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি'র নিজস্ব ও পিকেএসএফ এর অর্থায়নে ৬৬টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত কর্মসূচির বর্তমান চিত্র ছকে তুলে ধরা হলো;

ক্রঃ নং	বিবরণ	ডিসেম্বর' ২০২০	ক্রঃ নং	বিবরণ	ডিসেম্বর' ২০২০	ক্রঃ নং	বিবরণ	ডিসেম্বর'২০ ২০
১	শাখার সংখ্যা	৬৬	৯	মোট বকেয়া (কোটি টাকায়)	৯.২৭	১৭	কর্মী ঃ ঋণী সদস্য	১:২৫১
২	মোট সদস্য জন	১০২৬৩৮	১০	ঋণ আদায়ের হার	৯৯.৬৩%	১৮	সমিতি ঃ সদস্য	১:১৮
৩	ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়)	২৭৭৪.৭৪	১১	On Time Realization (OTR)	৯৭.৪৩%	১৯	সমিতি ঃ ঋণী সদস্য	১:১৩
৪	ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়)	২৪৯০.৫০	১২	Liquidity Ratio	৪৯.০০%	২০	কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়)	১:৯২.৫৮
৫	ঋণ স্থিতি (কোটি টাকায়)	২৮৪.২৪	১৩	Port folio At Risk	৭.২৩%	২১	কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়)	১:২৮.২৮
৬	সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়)	৮৬.৮২	১৪	Delinquent Ratio	৩.২৬%	২২	ষ্টাফ ঃ ঋণী সদস্য	১:১৪০
৭	ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়)	১২৯.১৫	১৫	Debt : Equity	১.৫৪:১			
৮	ঋণী কভারেজ	৭৫.০৪%	১৬	কর্মী ঃ সদস্য	১:৩৩৪			

NDP
এনডিপি বার্তা
সংখ্যা ২৬। বর্ষ ১২। অক্টোবর - ডিসেম্বর, ২০২০

জয়িতা সানজিদাকে অভিনন্দন

আর্ন্তজার্তিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ ও বেগম রোকেয়া দিবস ২০২০ উদ্‌যাপন উপলক্ষ্যে সিরাজগঞ্জ জেলায় **'জয়িতা অন্বেষণে বাংলাদেশ'** কার্যক্রমের আওতায় জয়িতা পুরুস্কার প্রদান করা হয়। জেলা পর্যায়ে ৫টি ও উপজেলা পর্যায়ে ৫টি ক্যাটাগরিতে জয়িতা এ্যাওয়ার্ড প্রদান করা হয়। পুরষ্কার প্রদানের আয়োজন করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। জেলা পর্যায়ে পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা প্রসাশক ড. ফারুক আহাম্মদ। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (উপ-পরিচালক) কানিজ ফাতেমা ও সদর উপজেলার ভাইস চেয়ারম্যান এস.এম নাছিম রেজা নুর এসময় উপস্থিত ছিলেন।

জেলা পর্যায়ে শ্রেষ্ঠ জয়িতার এ্যাওয়ার্ড অর্জন করেন বিশেষ চাহিদা সম্পন্ন (শারীরিক প্রতিবন্ধী) মোছাঃ সানজিদা খাতুন শিমু (২৬)। তিনি সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার মিরপুর (বিড়ালা কুটি) গ্রামের মুনছুর আলী শেখ এর কন্যা।

মূলত: ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির কর্মকর্তার পরামর্শ অনুযায়ী শিমু আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরবর্তীতে সংস্থা থেকে সার্ভিস চার্জ মুক্ত ঋণ গ্রহণ করেন। ঋণ নিয়ে শুরু করেন কয়েল খড়ির ব্যবসা। বর্তমানে সিরাজগঞ্জ জেলা শহরে তার একটি মোটর সাইকেল শো-রুম, গ্যাস সিলিন্ডারের ব্যবসা এবং ফেক্সিলোড এর ব্যবসা রয়েছে। সানজিদা ও তার স্বামী ব্যবসা দেখভাল করেন।

পুরষ্কার তুলে দিচ্ছেন জেলা প্রশাসক ড. ফারুক আহাম্মদ

সানজিদার সফলতা দেখে অনেক প্রতিবন্ধী ব্যক্তি আয় বৃদ্ধিমূলক কাজে সম্পৃক্ত হওয়ার জন্য উদ্যোগ গ্রহন করছে। এছাড়া সানজিদাকে আরো উৎসাহ ও সহযোগিতা করার জন্য সরকারী বিভিন্ন দপ্তরসহ স্থানীয় বেসরকারী উন্নয়ন সংস্থাগুলোও এগিয়ে এসেছে।

জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির সফলতা

তায়কোয়ানডো প্রতিযোগিতায় অংশগ্রহণকারীসহ ব্যবস্থাপক (প্রশিক্ষণ)

সিরাজগঞ্জ জেলায় এনডিপি এর নিজস্ব অর্থায়নে জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। সংস্থার নির্বাহী পরিচালক মোঃ আলাউদ্দিন খানের একান্ত প্রচেষ্ঠায় ২০১৪ থেকে প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। দরিদ্র নারী জনগোষ্ঠীর আইনী অধিকার নিশ্চিত করাই কর্মসূচির মূল লক্ষ্য।

নারীরা যেন নিজেদের বিপদ নিজেরাই মোকাবেলা করতে পারে সে লক্ষ্যে নারীদের উপযোগী করে তুলতে ২৭ ডিসেম্বর হতে ৩০ ডিসেম্বর ২০২০ পর্যন্ত ঢাকায় জাতীয় তায়কোয়ানডো প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় এনডিপি'র "জেন্ডার এন্ড রাইটস" কর্মসূচির ০৪ সদস্যবিশিষ্ট একটি টিম অংশগ্রহণ করে। রিতু খাতুন একটি স্বর্ণ এবং সুলতানা, আইরিন ও সাজু একটি করে ব্রোঞ্জ মেডেল অর্জন করেন। তাদের এই সফলতা উত্তর এনডিপি'র প্রধান কার্যালয়ে সংবর্ধনার আয়োজন করা হয়।

EDUCOপ্রসঙ্গত প্রতিযোগীতায় অংশগ্রহণকারীবৃন্দ ২১.০৯.২০১৯ তারিখ হতে ২৫.০৯.২০১৯ এনডিপি'র প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। এসময় কামারখন্দ উপজেলার চারটি ইউনিয়নের ২০টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয় হতে মোট ২০ জন কিশোরীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে কোরিয়ান মার্শাল আর্ট তায়কোয়ানডোর সেল্ফ ডিফেন্সসহ মার্শাল আর্টের বিভিন্ন কৌশল শেখানো হয়। সিরাজগঞ্জ জেলার তায়কোয়ানডোর চীফ ইন্সট্রাক্টর মোঃ বাবুল হোসেন, ব্লাক বেল্ট ৪র্থ ড্যান-WTF/BTF প্রশিক্ষণ পরিচালনা করেন।

খামারীদের গরু মোটাতাজাকরণ প্রশিক্ষণ

পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহযোগিতায় **"ঝুঁকি প্রশমন সেবার মাধ্যমে প্রাণিসম্পদ খামারীদের সমতা বৃদ্ধি"** প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। এনডিপি এর উদ্যোগে প্রকল্পের মাধ্যমে ঋণ সহায়তার পাশাপাশি বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। করোনাকালীন সময়ে কৃষিভিত্তিক আয় বৃদ্ধির লক্ষ্যে এনডিপির ফুলকোচা শাখায় খামারীদের গরু মোটাতাজাকরনের উপর প্রশিক্ষণ এবং ঋন দেওয়া হয়।

গরু মোটাতাজাকরণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করেন এনডিপির প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ সাজ্জাদ হোসেন। এসময় এরিয়া ম্যানেজার মাহফুজুর রহমান খামারীদের এনডিপির ঋন বিতরন কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন।

প্রশিক্ষণে প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ সাজ্জাদ হোসেন গরু মোটাতাজাকরনের ক্ষেত্রে গরু নির্বাচন, কোয়ারেন্টাইন, কৃমিনাশক প্রদান, নিয়মিত টিকা প্রদান, বাসস্থান নির্বাচন, সুষম খাদ্য নিশ্চিত ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। প্রশিক্ষণ পরবর্তীতে ৩৫ জন খামারীর মাঝে গরু মোটাতাজাকরণের উপর সুফলন ঋণ বিতরণ করা হয়।

গরু মোটাতাজাকরণ প্রশিক্ষণ প্রদান করছেন এনডিপি'র প্রাণি সম্পদ কর্মকর্তা

এনডিপি বার্তা
সংখ্যা ২৬। বর্ষ ১২। অক্টোবর - ডিসেম্বর, ২০২০

বিশ্ব খাদ্য কর্মসূচির কার্যক্রম পরিদর্শন

Korea International Cooperation Agency'র আর্থিক ও বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরি সহায়তায় বাস্তবায়িত Building Resilience to Achieve Zero Hunger(BRAZH) প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। কুড়িগ্রাম জেলার চিলমারী ও উলিপুর উপজেলাধীন অষ্টমীর চর, রাণীগঞ্জ ও সাহেবের আলগা ইউনিয়নে প্রকল্প বাস্তবয়ান করছে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

১৮ই অক্টোবর ২০২০ প্রকল্পের কার্যক্রম পরিদর্শনে আসে জাতিসংঘ এজেন্সির বিশ্ব খাদ্য কর্মসূচি, জাতি সংঘের মহিলা বিষয়ক সংস্থা, ইউরোপীয় ইউনিয়ন এবং ব্রিটিশ হাইকমিশনের উর্ধ্বতন কর্মকর্তার এক বিশেষ প্রতিনিধি দল। এসময় উক্ত অঞ্চলের বাস্তবায়িত কার্যক্রমসহ প্রকল্পভুক্ত মানুষের জীবনযাপন পরিদর্শন করেন। বন্যার পূর্বাভাসজনিত আগাম আর্থিক সহায়তা বা Forcast Base Financing পাওয়া উপকারভোগী সদস্যদের সাথে প্রতিনিধি দল দীর্ঘ সময় মতবিনিময় করেন। একইসাথে সহায়তা পাওয়ার পূর্বের ও বর্তমান অবস্থা সম্পর্কে অভিমত জানতে চান। উত্তরে উপকারভোগী তাদের আনন্দ প্রকাশ করেন।

প্রকল্পের উপকারভোগী রহিমা বেগম বলেন, প্রকল্প থেকে সহায়তা পাওয়ায় তার দলের সদস্যগণ বন্যার দুযোর্গ ঝুঁকি থেকে পূর্বের অবস্থায় ফিরে আসতে সক্ষম হয়েছেন। তারা এরুপ কার্যক্রম আগে কখনোই দেখেননি। এমনকি বন্যার পূর্বেই আর্থিক সহায়তার কথা তারা কখনো কল্পনাও করেননি। এজন্য উপকারভোগীগণ এনডিপি ও জাতিসংঘ এর বিশ্ব খাদ্য কর্মসূচিকে আন্তরিক ধন্যবাদ জানান।

বিশ্ব খাদ্য সংস্থা, জাতিসংঘের মহিলা বিষয়ক সংস্থা, ইউরোপিয় ইউনিয়ন এবং ব্রিটিশ হাইকমিশনের উর্ধ্বতন কর্মকর্তার ফিল্ড ভিজিটের অংশ বিশেষ

একইসাথে দূর্যোগ পরবর্তী সময়ে কাজ থাকে না উল্লেখ করে, কর্মসংস্থান সৃষ্টির জন্য বাংলাদেশ সরকার ও জাতিসংঘের প্রতি অনুরোধ করেন।

প্রতিনিধি দল কর্মএলাকা পরিদর্শন করে বাস্তবায়নকারী সংস্থা এনডিপি ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ধন্যবাদ জানান। ভবিষ্যতে সদস্যদের ঋতুভিত্তিক জীবিকায়ন কর্মসূচীসহ জলবায়ু বীমার আওতায় অর্ন্তভূক্তির জন্য সম্মতি জ্ঞাপন করেন এবং উক্ত সহায়তা বলবৎ থাকবে বলেও আশাবাদ ব্যক্ত করেন।

এসময় বিশ্ব খাদ্য কর্মসূচির রংপুর অঞ্চলের প্রধান মিস বিথিকা বিশ্বাস এবং প্রকল্পের ফোকাল পারসন মি. সাদেক আলী উপস্থিত ছিলেন।

কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

খাবারের মূল্য তালিকা

সকালের নাস্তা	:	৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা)
লাঞ্চ/ডিনার	:	(১৭০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ)
নাস্তা	:	৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা)
চা	:	১০ টাকা (প্রতি কাপ)
কফি	:	২০ টাকা (প্রতি কাপ)
কোমল পানীয়	:	৪৫ টাকা (২৫০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল)
দই	:	৪০ টাকা (১০০ গ্রাম)
মিনারেল ওয়াটার	:	১৫ টাকা (৫০০ মিলি বোতল)

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে। আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

ডরমেটরী

সাধারণ নন এসি কক্ষ	:	৬০০.০০	টাকা (ডাবল বেড)
এসি (ভিআইপি) কক্ষ	:	১,০০০.০০	টাকা (ডাবল বেড)
ডিলাক্স (এসি) কক্ষ	:	১,৫০০.০০	টাকা (ডাবল বেড)
লাক্সারি (এসি) কক্ষ	:	১,২০০.০০	টাকা (সিঙ্গেল বেড)

বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩

টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭

ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট :www.ndpbd.org